ভূমি মন্ত্রণালয়ের ১৪/০৬/২০০৭ খ্রীঃ তারিখের স্মারক নং ভূঃমঃ/পঃউঃ-৪/১২০/২০০০-৪৬ এর প্রেক্ষিতে আদর্শ গ্রাম প্রকল্প-২ এর আওতায় প্রতিষ্ঠিত আদর্শগ্রামে পুনর্বাসিতদের মাঝে ঘূর্ণায়মান ঋণ কার্যক্রম পরিচালনার জন্য বিআরডিবি ও আদর্শ গ্রাম প্রকল্প-২ এর মধ্যে ৩০/০৪/২০০৭ তারিখে সম্পাদিত সমঝোতা স্মারকের ধারাবাহিকতায় স্বাক্ষরিতঃ

# সমঝোতা স্মারক

## (২য় সংশোধিত)

বাস্তবায়নে

গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প

ও

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

০১ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ।

# সমঝোতা স্মারক

মানব সম্পদ উন্নয়নের উপর গুরুত্বারোপ করে দেশের ভূমিহীন ও গৃহহীন পরিবারের দারিদ্র বিমোচন আদর্শ গ্রাম প্রকল্প-২ এর প্রধান উদ্দেশ্য। প্রকল্পটি অভীষ্ঠ জনগোষ্ঠির নাগরিক ও মানবিক অধিকার সংরক্ষণ এবং শিক্ষা, স্বাস্থ্য ও আয়বৃদ্ধিমূলক কার্যাদি এবং গৃহ সংস্থানের মাধ্যমে গরীব জনগণের জীবনমান উন্নয়নে কাজ করে আসছে। আদর্শ গ্রামে পুনর্বাসিত পরিবারের আর্থ-সামাজিক উন্নয়ন ও আত্নকর্মসংস্থানের জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মাধ্যমে আয় বর্ধক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়নে নিজস্ব তহবিল সহায়ক হিসাবে ঋণ কার্যক্রম গ্রহণের বিধান রয়েছে ।

২। <u>বিআরডিবির গৃহীতব্য কার্যক্রম:</u>

ক) আদর্শ গ্রাম প্রকল্প-২ এর আওতায় বাস্তবায়িত আদর্শ গ্রামের সুফলভোগীদের কৃষি সংশ্লিষ্ট ও বিভিন্ন আয়বর্ধক কর্মকান্ড গ্রহণের জন্য সহায়ক তহবিল হিসাবে ক্ষুদ্র ঋণ প্রদান এবং

খ) এ ঋণদান কার্যক্রম পরিচালনার জন্য আয়বর্ধক ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান।

৩। <u>কর্মসূচী / কার্যক্রম এলাকা:</u>

দেশের বিভিন্ন জেলায় প্রতিষ্ঠিত ৪০৯টি আদর্শ গ্রামে বিআরডিবির প্রক্রিয়ামতে দল গঠন করে ঋণ কার্যক্রম পরিচালনা।

৪। <u>বাস্তবায়নকাল:</u>

এপ্রিল /২০০৭ হতে জুন/২০২৫ পর্যন্ত।

৫। <u>ঋণ তহবিল সংস্থান:</u>

প্রশিক্ষণ ও ঋণ তহবিল আদর্শ গ্রাম প্রকল্প-২ এর অনুমোদিত অর্থ হতে বিআরডিবিকে সরবরাহ করা হবে।

৬। <u>অর্থছাড় পদ্ধতি:</u>

(১) সমঝোতা পত্র সম্পাদন ও ঋণ কার্যক্রম আরম্ভের প্রাক্কালে প্রশিক্ষণ ও ঋণ তহবিল মহাপরিচালক, বিআরডিবি, ঢাকা বরাবরে প্রাপ্তি নিশ্চিত করা হবে। মহাপরিচালক, বিআরডিবি, নিজস্ব ব্যবস্থাপনায় প্রাপ্ত তহবিল প্রকল্প এলাকায় প্রেরণ করবেন।

(২) <u>তহবিলের পরিমাণ:</u>

| | |
|---|---|
| ক) ঋণ তহবিলের পরিমাণ ( RLF ) | : ১০০০.০০ লক্ষ টাকা।* |
| খ) প্রশিক্ষণ তহবিলের পরিমান | : ৪০.০০ লক্ষ টাকা। |
| গ) আনুষাঙ্গিক ব্যয় | : ০৭.০০ লক্ষ টাকা। |

প্রশিক্ষণ তহবিল ও আনুষাঙ্গিক ব্যয় আদর্শ গ্রাম প্রকল্প-১ এর ইসি খাতের অব্যয়িত অর্থ (যা আদর্শ গ্রাম প্রকল্প-২ এর অর্থনৈতিক স্মারক চুক্তিতে (এফ এম ) বাংলাদেশ সরকারের কন্ট্রিবিউশন খাত হিসাবে উল্লেখ রয়েছে) হতে প্রদেয় হবে। (সূত্র: আদর্শ গ্রাম প্রকল্প-২ এর সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনা ২০০৬-২০০৭)

* ভূমি মন্ত্রণালয়ের ১৪/০৬/২০০৭ খ্রীঃ তারিখের স্মারক নং ভূঃমঃ/পঃউঃ-৪/১২০/২০০০-৪৬ এর প্রেক্ষিতে ঋণ তহবিলের পরিমান ৮০০.০০ লক্ষ টাকা হতে ১০০০.০০ লক্ষ টাকায় উন্নীত।

(৩) বিআরডিবি এ ঋণ কর্মসূচীর জন্য আদর্শ গ্রাম প্রকল্প-২ হতে প্রাপ্ত টাকা বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয়ে একটি **'Interest bearing account'** এর মাধ্যমে পরিচালনা করবে। উক্ত হিসাবের সুদের টাকা ঋণ তহবিলের খাতে যুক্ত হবে। মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলায় অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংক/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর নিকটবর্তী শাখার মাধ্যমে ঋণের টাকা প্রেরণ ও পরিচালনা করা হবে। বিশেষ প্রয়োজনে সোনালী ব্যাংকের মাধ্যমে পরিচালনা করা যেতে পারে।

৭। <u>উপকারভোগী:</u>

আদর্শ গ্রাম প্রকল্প-২ এর অধীনে প্রতিষ্ঠিত আদর্শ গ্রামে বসবাসকারী সকল পরিবারের সক্ষম ২ (দুই) জন।

৮। প্রশিক্ষণ:

ক) উপজেলা/ মাঠ পর্যায়ে সুবিধাভোগীদেরকে বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণে সংশ্লিষ্ট এলাকার প্রয়োজনীয়তা এবং চাহিদার ভিত্তিতে ট্রেড নির্বাচন করতঃ প্রশিক্ষণ প্রদান করে ঋণ প্রদান করা হবে। প্রশিক্ষণ সংক্রান্ত মডিউল আদর্শ গ্রাম প্রকল্প-২ কর্তৃপক্ষ বা ভূমি মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে চুড়ান্ত করা হবে।

খ) বিআরডিবি জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট অন্যান্য বিভাগীয় কর্মকর্তা দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা নিবে। প্রয়োজনবোধে বিভাগীয় কর্মকর্তা ছাড়াও বিষয়ভিত্তিক অভিজ্ঞ প্রশিক্ষকের দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা করা যাবে।

৯। কর্মকান্ড:

পুনর্বাসিত সকল পরিবার হতে নির্বাচিত পরিবারসমূহের স্থানীয় বা সম্মিলিত চাহিদার ভিত্তিতে বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রম গ্রহন করা হবে। যেমন- হস্তশিল্প, ক্ষুদ্র ব্যবসা, পশুপালন, নার্সারী, ফলমূল ও সব্জী চাষ, বনায়ন, মৎস্য চাষ, বাঁশ ও বেতের কাজ, মৌ চাষ, দর্জি বিদ্যা ইত্যাদি। এ ছাড়াও স্থানীয় সুবিধাজনক এবং আয়বর্ধনকারী যে কোন সামাজিকভাবে স্বীকৃত কর্মকান্ডে ঋণ দেয়া যাবে। তবে যে কোন সুবিধাভোগী ঋণ গ্রহণের পূর্বে নির্দিষ্ট আয় বর্ধনমূলক কার্যক্রমের উপর (প্রযোজ্য ক্ষেত্রে) প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। এই ঋণ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে।

১০। পুঁজি গঠন:

সুবিধাভোগীগণ নিজেদের সুবিধা মোতাবেক ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে (প্রতিজন কমপক্ষে সাপ্তাহিক ২৫/- টাকা হারে) নিজস্ব মূলধন গঠন করবেন- যা সুবিধাভোগীগণ নিজেদের প্রয়োজনে আয়বর্ধনমূলক কর্মকান্ডে ব্যবহার করবেন। তবে ঋণ খেলাপী অবস্থায় জমাকৃত সঞ্চয়ের টাকা উত্তোলন করা যাবে না।

১১। <u>সার্ভিস চার্জের হার:</u>

| | | |
|---|---|---|
| মোট সার্ভিস চার্জ | | ৮.৫০% |
| ক) আর এল এফ প্রবৃদ্দি | = | ১.০০% |
| খ) কর্মচারীর বেতনভাতা খাত | = | ৬.০০% |
| গ) কু- ঋণ | = | ০.৫০% |
| ঘ) পরিচালনা ব্যয় খাত | = | ১.০০% |
| উপজেলা দপ্তর | = | ০.৭০% |
| জেলা দপ্তর | = | ০.১০% |
| প্রকল্প সদর দপ্তর | = | ০.২০% |

১২। <u>কর্মসূচী বাস্তবায়ন পদ্ধতি:</u>

ক) বিআরডিবি এ ঋণ কার্যক্রম পরিচালনায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় কর্তৃক ২৪ ডিসেম্বর ২০০৩ খ্রীষ্টাব্দে পউবি/শাখা-৩/ঋন-৩৪/২০০৩/৩৫২ স্মারকের মাধ্যমে জারীকৃত "**সরকারী পর্যায়ে পরিচালিত ক্ষুদ্র ঋণ কর্মসূচীর আওতায় আবর্তক ঋণ তহবিল ব্যবহারের সমন্বিত নীতিমালার পদ্ধতি**" অনুসরণ করবে। তাছাড়া এ সংক্রান্ত সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য অন্যান্য নিয়মাবলী/ নীতিমালা পালিত হবে।

খ) বিআরডিবি নিজস্ব জনবলের মাধ্যমে এ ঋণ কার্যক্রম পরিচালনা করবে। বিআরডিবি মাঠ পর্যায়ে প্রতিটি গুচ্ছগ্রামে দল গঠন করে কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক মাঠকর্মী নিয়োগ করবে।

গ) বরাদ্দকৃত ঋণের অর্থ ঘূর্ণায়মান ঋণ তহবিল হিসাবে ব্যবহৃত হবে।

ঘ) বিআরডিবি চুক্তির মেয়াদ পর্যন্ত গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প কর্তৃপক্ষ/ ভূমি মন্ত্রনালয়ের সাথে আলোচনা ও পরামর্শক্রমে বার্ষিক উন্নয়ন কর্ম পরিকল্পনা প্রস্তুত করে কর্মকান্ড পরিচালনা করবে।

ঙ) স্বাক্ষরিত সমঝোতা পত্র স্বাক্ষরকারী দু'পক্ষই যথানিয়ম অনুসরণ করে কর্মকান্ড বাস্তবায়নে সহযোগিতা করবে।

চ) কু-ঋণের সংরক্ষিত তহবিল একটি স্বতন্ত্র (Separate Bank Account) হিসাবে সংরক্ষণ করা হবে।

ছ) মৃত, এলাকাত্যাগী ও নিখোঁজ জনিত সদস্যদের নিকট পাওনা ঋণের টাকা অনিবার্য কারনে অনাদায়যোগ্য হলে উপজেলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কু-ঋণের সংরক্ষিত তহবিল দ্বারা সমন্বয় করা হবে।

জ) একজন ঋণ গ্রহীতাকে একই সময়ে একাধিক কর্মকান্ডে ঋণ দেয়া যাবে না।

ঝ) দাদনকৃত ঋণ আদায় করে ঘূর্ণায়মানভাবে পুনরায় ঋণখাতে বিনিয়োগ করা যাবে।

১৩। <u>উপজেলা সমন্বয় কমিটি:</u>

উপজেলা সমন্বয় কমিটি গঠন প্রকৃতি নিম্নরূপ হবে:

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার | : | চেয়ারম্যান/সভাপতি। |
| খ) উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য। |
| গ) সহকারী কমিশনার (ভূমি) | : | সদস্য। |
| ঘ) উপজেলা শিক্ষা অফিসার | : | সদস্য। |
| ঙ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য। |
| চ) উপজেলা সমবায় কর্মকর্তা | : | সদস্য। |
| ছ) ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট) | : | সদস্য। |
| জ) সুবিধাভোগী প্রতিনিধি(১ জন) | : | সদস্য। (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) |
| ঝ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য সচিব। |

এ কমিটি প্রতি দুই মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হয়ে ঋণ বিতরণ, আদায় ও প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করবে এবং সুষ্ঠু বাস্তবায়নে সর্ব প্রকার সহায়তা করবে।

১৪। মনিটরিং :

ক) ত্রৈমাসিক ভিত্তিতে আদর্শ গ্রাম প্রকল্প কর্তৃপক্ষ/ভূমি মন্ত্রণালয় এবং বিআরডিবি কর্তৃপক্ষ ঋণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য মনিটরিং সভায় মিলিত হবে। বিআরডিপির সদর দপ্তরে এ সভা অনুষ্ঠিত হবে। জেলা ও উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভায় এ ঋণ ও প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হবে ।

খ) ঋণ ও প্রশিক্ষণ কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন মাসিক ভিত্তিতে বিআরডিবি সদর দপ্তর এবং আদর্শ গ্রাম প্রকল্প-২ এর প্রকল্প অফিস ও ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

গ) আদর্শ গ্রাম প্রকল্প-২ এর মেয়াদ শেষে এ ঋণদান কর্মসূচীর যাবতীয় বিষয়াদি ভূমি মন্ত্রনালয়ের সাথে যোগাযোগ করে সমাধান করতে হবে।

১৫। আন্তঃমন্ত্রণালয় কমিটি:

ঋণদান ও প্রশিক্ষণ কর্মসূচী পরিবীক্ষন, মূল্যায়ন ও নীতিগত সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে নিম্নবর্ণিতভাবে একটি আন্ত:মন্ত্রণালয় কমিটি থাকবে:

| | | | |
|---|---|---|---|
| ক) | যুগ্ম-সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয় | : | সভাপতি। |
| খ) | জাতীয় প্রকল্প পরিচালক, আদর্শ গ্রাম | : | সদস্য। |
| গ) | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধি (উপ সচিব পর্যায়ের) | : | সদস্য। |
| ঙ) | উপ-প্রধান, ভূমি মন্ত্রণালয় | : | সদস্য। |
| চ) | পরিচালক (সরেজমিন), বিআরডিবি | : | সদস্য সচিব। |

এ কমিটি প্রতি ছয় মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে।

১৬। <u>ঋণ কার্যক্রম বাস্তবায়ন:</u>

ঋণ কার্যক্রম বাস্তবায়নের মেয়াদ শেষে ভূমি মন্ত্রণালয় এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ যৌথভাবে কার্যক্রমের মূল্যায়ন করে কার্যক্রমটি চালু রাখাসহ পরবর্তী কর্মকৌশল নির্ধারণ করবে।

**(মোহাম্মদ আবদুল কাইয়ূম)**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

**(মোঃ মাহবুব-উল-আলম)**
(যুগ্ম-সচিব)
ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর
গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প।